রূপালী ব্যাংক লিমিটেড
পরিকল্পনা ও গবেষণা বিভাগ
প্রধান কার্যালয়, ঢাকা।

তারিখ : ২০-০৯-২০২৩

প্রকা/পগ/অফিস আদেশ/২০২৩/১৮

## সভার নোটিশ

সংশ্লিষ্ট সকলকে অবহিত করা যাচ্ছে যে, সেবা প্রদান প্রতিশ্রুতি (CITIZENS' CHARTER) বিষয়ে এ ব্যাংকের আওতাধীন নিম্নবর্ণিত দপ্তর/সংস্থা/কার্যালয়ের সমন্বয় সভা আগামী ২৪-০৯-২০২৩ তারিখ দুপুর ১২.০০ ঘটিকায় জনাব তানভীর হাসনাইন মইন, মহাব্যবস্থাপক এর সভাপতিত্বে ভার্চুয়ালি অনুষ্ঠিত হবে-

| বিভাগীয় কার্যালয় | জোনাল অফিস |
|---|---|
| ১. বরিশাল | ১. বরিশাল ২. পটুয়াখালী ৩. পিরোজপুর ৪. ভোলা |
| ২. চট্টগ্রাম | ১. চট্টগ্রাম পূর্ব ২. চট্টগ্রাম পশ্চিম ৩. কক্সবাজার |
| ৩. কুমিল্লা | ১. কুমিল্লা ২. নোয়াখালী ৩. ফেনী ৪. চাঁদপুর |
| ৪. ঢাকা দক্ষিণ | ১. ঢাকা দক্ষিণ ২. ঢাকা কেন্দ্রিয় |
| ৫. ঢাকা উত্তর | ১. ঢাকা উত্তর ২. ঢাকা উত্তর পশ্চিম ৩. ফরিদপুর ৪. নারায়ণগঞ্জ ৫. গোপালগঞ্জ |
| ৬. খুলনা | ১. খুলনা ২. যশোর ৩. কুষ্টিয়া ৪. বাগেরহাট |
| ৭. ময়মনসিংহ | ১. ময়মনসিংহ ২. জামালপুর ৩. টাংগাইল |
| ৮. রাজশাহী | ১. রাজশাহী ২. বগুড়া ৩. পাবনা ৪. নওগাঁ |
| ৯. রংপুর | ১. রংপুর ২. দিনাজপুর ৩. লালমনিরহাট |
| ১০. সিলেট | ১. সিলেট ২. মৌলভীবাজার ৩. সুনামগঞ্জ |

সভায় উল্লিখিত বিভাগীয় কার্যালয়ের মহাব্যবস্থাপক, জোনাল অফিসের দায়িত্বপ্রাপ্ত উপ-মহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপকগণকে নির্ধারিত তারিখ ও সময়ে ভার্চুয়ালি উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হলো। মিটিং আইডি ও পাসওয়ার্ড পরবর্তীতে সংশ্লিষ্ট সকলকে অফিসিয়াল ই-মেইল এর মাধ্যমে অবহিত করা হবে।

(আফরোজা সুলতানা)
উপ-মহাব্যবস্থাপক ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সিটিজেনস্ চার্টার

বিতরণ

১। মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও গবেষণা বিভাগের দায়িত্বপ্রাপ্ত) এর সচিবালয়, রূপালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা;
২। মহাব্যবস্থাপক, রূপালী ব্যাংক লিমিটেড, সকল বিভাগীয় কার্যালয়;
৩। জোনাল ম্যানেজার, রূপালী ব্যাংক লিমিটেড, সকল জোনাল অফিস।

রূপালী ব্যাংক লিমিটেড প্রধান কার্যালয় ঢাকা পরিকল্পনা ও গবেষণা বিভাগ

# রূপালী ব্যাংক লিমিটেড

**পরিকল্পনা ও গবেষণা বিভাগ**

**প্রধান কার্যালয়, ঢাকা।**

সেবা প্রদান প্রতিশ্রুতি (CITIZENS' CHARTER) বিষয়ে এ ব্যাংকের আওতাধীন দপ্তর/সংস্থা/কার্যালয়ের সমন্বয় সভার (১ম ত্রৈমাসিক জুলাই-সেপ্টেম্বর ২০২৩) কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব তানভীর হাসনাইন মইন , মহাব্যবস্থাক ও সভাপতি, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত তদারকি কমিটি |
| সঞ্চালক | : | জনাব আফরোজা সুলতানা, উপ-মহাব্যবস্থাপক ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সিটিজেন্স চার্টার |
| সভার স্থান | : | ভার্চুয়াল সভা |
| তারিখ ও সময় | : | ২৪-০৯-২০২৩ তারিখ, রবিবার, দুপুর ১২.০০ ঘটিকা |
| উপস্থিতি | : | ভার্চুয়াল সভা (ছবি সংযুক্ত) |

১। সভাপতি ভার্চুয়াল সভায় সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি স্বাগত বক্তব্যে মন্ত্রি পরিষদ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক প্রণীত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৩-২৪ এর প্রতি আলোকপাত করেন। বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত আবশ্যিক লক্ষ্যমাত্রা অর্জনের উদ্দেশ্যে আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে তদারকির মাধ্যমে হালনাগাদকরণ, কর্মকর্তা-কর্মচারীদের জন্য কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন এবং সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজনের জন্য কার্যকরী ভূমিকা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন।

২। সভাপতির অনুমতিক্রমে উপ-মহাব্যবস্থাপক ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সিটিজেন্স চার্টার জনাব আফরোজা সুলতানা সঞ্চালক হিসেবে সভার কার্যক্রম পরিচালনা করেন। তিনি সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা ২০২৩-২৪ পর্যালোচনার জন্য সভায় উপস্থাপন করেন এবং এ বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার কার্যক্রম সম্পর্কে আলোকপাত করে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন।

৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়-

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | সেবা প্রদান প্রতিশ্রুতি ২০২৩-২৪ অর্থবছরের কার্যক্রম (১.১) অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে বিভাগীয় কার্যালয়/জোনাল অফিস এবং শাখার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ বিষয়ে আলোচনা করা হয়। | সেবা প্রদান প্রতিশ্রুতি ২০২৩-২৪ অর্থবছরের কার্যক্রম (১.১) অনুযায়ী ৩০ সেপ্টেম্বর ভিত্তিতে বিভাগীয় কার্যালয়/জোনাল অফিস এবং শাখার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করতে হবে। | সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা |
| ২. | ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন দপ্তর/সংস্থা সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপন এবং বিভাগ/জোনাল অফিস ও শাখা পর্যায়ে প্রকাশ্যে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। | ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন দপ্তর/সংস্থা সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপনের নিমিত্ত আওতাধীন দপ্তর সংস্থার ওয়েবসাইট খোলার জন্য আইসিটি সিস্টেমস বিভাগে পত্র প্রেরণ এবং প্রকাশ্যে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | আইসিটি সিস্টেমস বিভাগ এবং সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা |
| ৩. | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে নিজ দপ্তর এবং বিভাগীয় কার্যালয়/জোনাল অফিস ও শাখা পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন করা। | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে নিজ দপ্তর এবং আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা-কর্মচারীদের কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন করতে হবে। | আরবিটিএ এবং সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা |
| ৪. | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে বিভাগীয় কার্যালয়/জোনাল অফিস ও শাখা পর্যায়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করা। | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে বিভাগীয় কার্যালয়/জোনাল অফিস ও শাখা পর্যায়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করতে হবে। | সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা |

৫। অতঃপর উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

রূপালী ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়
ঢাকা।
পরিকল্পনা ও গবেষণা বিভাগ

(তানভীর হাসনাইন মইন)
মহাব্যবস্থাপক ও সভাপতি
সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত তদারকি কমিটি

সেবা প্রদান প্রতিশ্রুতি (CITIZENS' CHARTER) বিষয়ে এ ব্যাংকের আওতাধীন দপ্তর/সংস্থা/কার্যালয়ের সমন্বয় সভার (১ম ত্রৈমাসিক; জুলাই-সেপ্টেম্বর ২০২৩) আলোকচিত্র

তারিখ: ২৪-০৯-২০২৩










